

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-১১/মূসক/২০১৮ তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ০৫/মূসক/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের, টেবিল-১ (পণ্যের প্রস্তুতকরণ বা উৎপাদন ও সরবরাহ পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ২০.০৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“২৪.০৩	২৪০৩.৯৯.০০	জর্দা	প্রতি দশ গ্রাম ১২ টাকা (বার টাকা) অর্থাৎ প্রতি গ্রাম ১.২০ (এক দশমিক দুই শূন্য টাকা)
		গুল	প্রতি দশ গ্রাম ৬ টাকা (ছয় টাকা) অর্থাৎ প্রতি গ্রাম ০.৬০ (শূন্য দশমিক ছয় শূন্য টাকা)”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মূসক নীতি)